বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার(১৪,১৫,১৬ ও ২০তম তলা)
১০, দিলকুশা সি/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ

সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৬৯০

তারিখঃ ১২/০২/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৬৮ তম কমিশন সভা অদ্য ১২/০২/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. সভায় কমিশন কর্তৃক ০৭.০২.২০১৩ ইং তারিখে প্রাপ্ত মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের পত্রের প্রেক্ষিতে Appollo Ispat Complex Ltd. (AICL) এর প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর চাঁদা গ্রহণ আপাতত স্থগিত করে মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের পরামর্শ অনুযায়ী কতিপয় বিষয়ে অধিকতর তথ্য সংগ্রহের সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রসংগত AICL এর প্রাথমিক গনপ্রস্তাব সংক্রান্ত বিভিন্ন বিষয় ও কমিশন কর্তৃক গৃহীত পদক্ষেপ সমূহ নিম্নরূপঃ

- AICL গত ২০/১০/২০১১ ইং তারিখে শেয়ার প্রতি ৭০ টাকা (শেয়ার প্রতি ৬০ টাকা প্রিমিয়ামসহ) ইস্যু মূল্যে ৫,৭১,৫০,০০০ সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব এর মাধ্যমে ইস্যু করার জন্য কমিশনের নিকট আবেদন করে;
- গত ২০/০৩/২০১২ইং তারিখে অনুষ্ঠিত ৪২৫তম কমিশন সভার পর্যালোচনায় জমাকৃত প্রতিবেদনে অসঙ্গতি লক্ষ্য করে। এর প্রেক্ষিতে অসত্য তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অডিটর, মূল্য নিরূপক, ইস্যুয়ার ও ইস্যু ম্যানেজার এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট নথিটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয় এবং একই সাথে প্রাথমিক গণপ্রস্তাবের আবেদনটি বাতিল করা হয়;
- ১৪/০৬/২০১২ ইং তারিখে কমিশনের আদেশ নং এসইসি/এনফোর্সমেন্ট/১০২৯/২০১২/৩৩৬, ৩৩৮, ৩৪০ও ৩৪২ এর মাধ্যমে সংশ্লিষ্ট অডিটর (মেসার্স জোহা জামান কবির রশিদ এন্ড কোং), ইস্যুয়ার (AICL) ও ইস্যু ম্যানেজার (আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ) এর প্রত্যেককে ১ লক্ষ টাকা করে জরিমানা ধার্য করে। একই সাথে মূল্য নিরূপক (মেসার্স মসি মুহিত হক এন্ড কোং) কে দুই লক্ষ টাকা জরিমানা ধার্য করে;
- পরবর্তীতে AICL গত ২৩/১০/২০১২ ইং তারিখে নতুন আর্থিক প্রতিবেদনসহ কমিশনের নিকট পুনরায় আবেদন করে। আবেদনপত্রের সাথে এ মতিন এন্ড কোম্পানী কর্তৃক ৩০/০৬/২০১২ ইং তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, ইস্যু ম্যানেজার আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ ও ৭ টি অবলেখক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ডিউডিলিজেন্স সনদ, ক্রেডিট রেটিং এজেন্সী অব বাংলাদেশ (CRAB) কর্তৃক প্রস্তুতকৃত ক্রেডিট রেটিং রিপোর্ট, এ ওহাব এন্ড কোং কর্তৃক প্রস্তুতকৃত সম্পদ মূল্যায়ন রিপোর্ট এবং কমিশনের আইন অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করে;
- অতঃপর কমিশন সংশ্লিষ্ট বিধি বিধান অনুযায়ী আলোচ্য আবেদনটি পুনরায় পরীক্ষা নিরীক্ষা শুরু করে;
- গত ২৯/১১/২০১২ ইং তারিখে কোম্পানীটির প্রসপেকটাস, নিরীক্ষিত আর্থিক বিবরণী ও অন্যান্য কাগজপত্র পরীক্ষান্তে একটি ডেফিসিয়েন্সী পত্র (বিভিন্ন অসম্পূর্ণ তথ্য ও দলিলাদি জমা দেওয়ার নিদের্শ) ইস্যু করা হয়;
- গত ০২/১২/২০১২ ইং তারিখে কমিশনের ডেফিসিয়েন্সী পত্রের উত্তর সংশ্লিষ্ট কাগজপত্র ও তথ্যাদিসহ AICL কমিশনে প্রেরণ করে;
- গত ১১/১২/২০১২ ইং তারিখে AICL এর সকল পরিচালক ও ৫ শতাংশ ও তার অধিক শেয়ার ধারণকারীদের সম্পর্কে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত সিআইবি রিপোর্ট পাওয়া যায়। যাতে দেখা যায় যে, AICL এবং তার সংশ্লিষ্ট ৯ জন পরিচালকের সকলেই ঋণ খেলাপী থেকে মুক্ত। উল্লেখ্য, কমিশন প্রাথমিক গণপ্রস্তাব অনুমোদন করার কিছু দিন পরে AICL এর একজন শেয়ার হোল্ডার উক্ত কোম্পানীর ব্যবস্থাপনার বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ দাখিল করেন। পরীক্ষান্তে দেখা যায় যে, অভিযোগকারীর ধারণকৃত শেয়ারের পরিমাণ ৫ শতাংশের নিচে হওয়ায় বিষয়টি আইপিও আবেদনের ক্ষেত্রে বিবেচনার সুযোগ ছিল না। এখানে আরও উল্লেখ্য যে, বর্তমান আইন অনুয়ায়ী শুধুমাত্র কোম্পানির পরিচালক এবং ৫ শতাংশ ও তার অধিক শেয়ারধারীদের জন্যই বাংলাদেশ ব্যাংক থেকে CIB রিপোর্ট আনার শর্ত রয়েছে;
- অতঃপর গত ১৩/১২/২০১২ ইং তারিখে ৪৬০তম কমিশন সভায় কোম্পানি কর্তৃক প্রস্তাবিত ২২ টাকা (শেয়ার প্রতি ১২ টাকা প্রিমিয়ামসহ) ইস্যু মূল্যে ১০ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যুর প্রস্তাবে অনুমোদন প্রদান করা হয়।

এখানে উল্লেখ্য যে, কমিশন AICL এর প্রস্তাব অনুমোদনের ক্ষেত্রে Securities and Exchange Commission (Public Issue) Rules, 2006 এবং সংশ্লিষ্ট বিধি বিধান বিবেচনায় এনে অন্যান্য কোম্পানির প্রাথমিক গণপ্রস্তাব (IPO) এর অনুমোদন যেভাবে প্রদান করে একই প্রক্রিয়া এবং মানদন্ড অনুসরণ করে বর্ণিত আবেদনে সম্মতি প্রদান করে।

ফোন (পিএবিএক্স) : ৮৮ ০২ ৯৫৬৮১০১-২, ৮৮ ০২ ৯৫৬১৫২৫, ফ্যাক্স : ৮৮ ০২ ৯৫৬৩৭২১, ৭১৭৬৬০৪ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.secbd.org

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার(১৪,১৫,১৬ ও ২০তম তলা)
১০, দিলকুশা সি/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ

২. কমিশন স্টক ব্রোকার ও স্টক ডিলার এর পরিদর্শন কার্যক্রম আরো জোরদার ও সুচারুরূপে সম্পন্ন করার লক্ষ্যে এ সংক্রান্ত একটি গাইডলাইন এর খসড়ায় চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে।

৩. Safko Spinning Mills Limited এর শেয়ার লেনদেনে সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে বি রিচ লিঃ, মোনা ফিন্যান্সিয়াল কনসালটেন্সি এন্ড সিকিউরিটিজ লিঃ, মিরপুর সিকিউরিটিজ লিঃ এবং ওয়েস্টার্ন সিকিউরিটিজ ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট লিঃ স্টক ব্রোকারসমূহের প্রত্যেককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. International Leasing and Financial Services Limited এর শেয়ার লেনদেনে সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে PHP Stock & Securities Limited -কে ১ লক্ষ টাকা জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. Beach Hatchery Limited এর শেয়ার লেনদেনে সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে (short sell) সিলেট মেট্রো সিটি সিকিউরিটিজ লিঃ, আল-মুনতাহা ট্রেডিং কোং লিঃ, হ্যাক সিকিউরিটিজ লিঃ এবং এসআইবিএল সিকিউরিটিজ লিমিটেড (পূর্বের নাম আরাফাত সিকিউরিটিজ লিঃ) স্টক ব্রোকারসমূহের প্রত্যেককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. GQ BALL PEN এর শেয়ার লেনদেনে সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে যথাক্রমে বিনিয়োগকারী জনাব মোঃ আব্দুল খায়ের, জনাব মোহাম্মদ গোলাম মোস্তফা এবং জনাব মোঃ সেলিম সয়্যাল (soyal) -কে সতর্ক পত্র (Warning) ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৭. Paramount Insurance Company Limited এর শেয়ার লেনদেনে সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে বিনিয়োগকারী জনাব মোঃ মাহবুব উর রহমান এবং জনাব মোঃ রাজ্জাকুল হায়দার ভূঁইয়া -কে সতর্ক পত্র (Warning) ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৮. Quasem Drycells Limited এর শেয়ার লেনদেনে সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে (ক্লায়েন্ট লেজারে অসামঞ্জস্য থাকায়) গ্লোবাল সিকিউরিটিজ লিঃ এবং ওষাধি (Oshadhi) সিকিউরিটিজ লিঃ স্টক ব্রোকারদ্বয়ের প্রত্যেককে ২ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও Margin Rules, 1999 ভঙ্গ করে Quasem Drycells Limited এর Non-marginable শেয়ারে ঋণ প্রদান করায় স্টক ব্রোকার সিনহা সিকিউরিটিজ লিঃ এবং শ্যামল ইকুইটি ম্যানেজমেন্ট লিঃ ব্রোকারদ্বয়ের প্রত্যেককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৯. Legacy Footwear Ltd. এবং Bangladesh Autocars Ltd. এর শেয়ার লেনদেনে সিকিউরিটিজ আইন ভঙ্গ করার কারণে (Non-marginable শেয়ারে ঋণ প্রদান করায়) স্টক ব্রোকার সালতা ক্যাপিটাল লিঃ, সিনহা সিকিউরিটিজ লিঃ, এম সিকিউরিটিজ লিঃ এবং আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানী লিঃ স্টক ব্রোকারসমূহের প্রত্যেককে ১ লক্ষ টাকা হারে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

Rahman
১২/০২/২০১৬
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

ফোন (পিএবিএক্স) : ৮৮ ০২ ৯৫৬৮১০১-২, ৮৮ ০২ ৯৫৬১৫২৫, ফ্যাক্স : ৮৮ ০২ ৯৫৬৩৭২১, ৭১৭৬৬০৪ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.secbd.org